

চট্টগ্রামে পদবঞ্চিত ছাত্রলীগ নেতাদের শান্ত করতে পারলেন না পূর্তমন্ত্রী

■ চট্টগ্রাম বুরো

চট্টগ্রামে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভা করতে এসে পদবঞ্চিত মহানগর ছাত্রলীগ নেতাদের ভোপের মুখে পড়লেন গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন। গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় চট্টগ্রাম সার্কিট হাউসে আয়োজিত এ মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন ভূমি প্রতিমন্ত্রী সাইফুল্লাহমান চৌধুরী জাবেদ। এ সময় সাবেক মেয়র এবিএম মহিউদ্দিন চৌধুরী উত্তেজিত ছাত্রলীগের নেতাকর্মীদের বের করে দেন। ইটগোল বাঘাতে ছাত্রলীগ নেতাদের মন্ত্রী অনুরোধ করলেও শান্ত হননি তারা।

এদিকে সভা শেষে একই স্থানে যখন চট্টগ্রাম মহানগর, উত্তর ও দক্ষিণ জেলা

আওয়ামী লীগ নেতাকর্মীদের সঙ্গে মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন ও প্রতিমন্ত্রী সাইফুল্লাহমান চৌধুরী জাবেদ বৈঠক করছিলেন, তখন সার্কিট হাউসে প্রাঙ্গণে মহানগর ছাত্রলীগের দু'গ্রুপের মধ্যে সংঘর্ষ হয়। এতে ছাত্রলীগের দুই নেতা আহত হন। তারা হলেন- মহানগর ছাত্রলীগের আণের কমিটির সদস্য খেজুর উদ্দিন ও পাঁচশাইশ খানা ছাত্রলীগের আহ্বায়ক আতিকুর রহমান আতিক। উত্তেজিত ছাত্রলীগের নেতাকর্মীরা এ সময় দুটি মোটরসাইকেল পুড়িয়ে দিয়েছে।

মন্ত্রী হওয়ার পর গতকালই প্রথম চট্টগ্রামের সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়ে মিলিত হন গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন। ভূমি প্রতিমন্ত্রী সাইফুল্লাহমান চৌধুরী জাবেদ ছাড়াও চট্টগ্রামের সাবেক মেয়র এবিএম মহিউদ্দিন চৌধুরী, সীতাকুণ্ড থেকে নির্বাচিত আওয়ামী লীগের সংসদ সদস্য দিনাকর আলম, চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দিন ও চট্টগ্রাম দক্ষিণ জেলা আওয়ামী লীগের সভাপতি মোসলেম উদ্দিনসহ আওয়ামী লীগ নেতারা মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন। সভার শুরুতেই চট্টগ্রাম মহানগর ছাত্রলীগের পদবঞ্চিত নেতারা মিছিলসহ বিভিন্ন স্লোগান দিতে দিতে সার্কিট হাউসের হল রুমের সভাস্থলে ঢোকার চেষ্টা করেন। তারা উত্তানিমূলক স্লোগান দিতে দিতে সভাস্থলে ইটগোল শুরু করেন। পদবঞ্চিত নেতারা অবিলম্বে মহানগর ছাত্রলীগের বর্তমান কমিটি ভেঙে দিয়ে নতুন কমিটির দাবি জানান। এ সময় মন্ত্রী মোশাররফ হোসেন ইটগোলদের কারণে বক্তব্য রাখতে পারেননি। পদবঞ্চিত নেতাদের সার্কিট হাউসের হল রুমের দিকে ধেয়ে আসতে দেখা যায়। এক পর্যায়ে মন্ত্রী মোশাররফ তাদের বাঘানোর জন্য হাত জোড় করে অনুরোধ করেন। তাতেও কাজ না হওয়ায় তিনি উত্তেজিত হয়ে বলতে থাকেন, 'আমি উত্তর জেলা আওয়ামী লীগের নেতা। চট্টগ্রাম মহানগর ছাত্রলীগের কমিটির ব্যাপারে আমার কিছুই করার নেই।' এ অবস্থায় সাবেক মেয়র এবিএম মহিউদ্দিন চৌধুরী ও চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দিনের হস্তক্ষেপে পদবঞ্চিত নেতারা হল রুম জাগ করে সার্কিট হাউসের সামনে অবস্থান নেন।

পরে মতবিনিময় সভা শুরু হয়। এতে মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন, ভূমি প্রতিমন্ত্রী সাইফুল্লাহমান চৌধুরী জাবেদ বক্তব্য রাখেন।